**পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট-১**

## বাংলাদেশ ব্যাংক

**প্রধান কার্যালয়**

**ঢাকা।**

**পিএসডি-১ সার্কুলার নং: ০৫** **তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৬ / ০২ আশ্বিন ১৪৩৩**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক, মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রোভাইডার, পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি) এবং পেমেন্ট সিস্টেম অপারেটর (পিএসও)।

প্রিয় মহোদয়,

**<u>Bangla QR কোডভিত্তিক লেনদেন সম্প্রসারণ প্রসঙ্গে।</u>**

Bangla QR এর মাধ্যমে ডিজিটাল লেনদেন জনপ্রিয় ও গ্রাহকবান্ধব করা এবং মার্চেন্টদেরকে পেমেন্ট গ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি জারি করা হলো:

ক) আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ হতে সকল Bangla QR কোড ভিত্তিক পেমেন্টের অর্থ তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট মার্চেন্ট হিসাবে প্রদান করতে হবে। একইসাথে উক্ত তারিখ হতে পিএসডি সার্কুলার নং-১৪, তারিখ: ২৪ নভেম্বর ২০২৫ এ বর্ণিত নির্দেশনাবলী রহিত মর্মে গণ্য হবে।

খ) আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ হতে ব্যাংক, এমএফএস, পিএসপি এর মোবাইল অ্যাপের হোম পেইজের Bottom-Center Position-এ বৃদ্ধাঙ্গুলির (Thumb Zone) নিকটস্থ স্থানে Bangla QR পেমেন্টের আইকন (পিএসডি সার্কুলার নং: ০১, তারিখ: ০৬ জানুয়ারি ২০২১ এ বর্ণিত Logo মোতাবেক) দৃশ্যমান করতে হবে;

গ) আগামী ৩১ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে Bangla QR স্ক্যান এর পাশাপাশি Bangla QR ইমেজ আপলোডের মাধ্যমেও পেমেন্ট সম্পন্নের ব্যবস্থা করতে হবে;

ঘ) আগামী ৩১ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে কার্ড হিসাবধারীসহ সকল সঞ্চয়ী ও চলতি হিসাবধারীকে মোবাইল অ্যাপ হতে Bangla QR স্ক্যান করে পেমেন্ট সম্পন্নের ব্যবস্থা করতে হবে;

পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ এর ১৮(২) ধারার আওতায় এ নির্দেশনাবলি জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(আ.ন.ম. মঈনুল কবীর)
পরিচালক (পিএসডি-১)
ফোনঃ ৯৫৩০৩৩৪